

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায়  
দূর্নীতি ও সুশাসন বিষয়ক মত বিনিময় সভা

সভাপতি : ডাঃ বিষ্ণুপদ বিশ্বাস, ইউএলও, পাইকগাছা, খুলনা।

স্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, প্রশিক্ষণ হল রুম।

তারিখ : ২৩/০১/২০২৩ইং

সময় : বিকাল ২.০০ ঘটিকায়।

সভায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভায় উপস্থিত সকল সদস্যদের নাম পদবীসহ স্বাক্ষর পরিশিষ্ট 'ক' তে দেওয়া হল।

সভায় দূর্নীতি ও সুশাসন বিষয়ক ব্যাপক আলোচনার শুরুতে সভাপতি মহোদয় উপ-সহকারী প্রাণিসম্পদ কর্মকর্তাকে কিছু বলার জন্য অনুরোধ করেন। তিনি বলেন স্বেচ্ছাসেবী কৃত্রিম প্রজননকারীরা যেন জনগণের কথা বিবেচনা করে সরকারী নির্দেশনা অনুযায়ী কৃত্রিম প্রজনন করেন অর্থাৎ কেউ যেন নির্ধারিত ফি এর বেশী না নেয়। অতঃপর সভাপতি মহোদয় সবার জন্য কথা বলার সুযোগ উন্মুক্ত করে দেন। অতঃপর সভায় ব্যাপক আলোচনা হয়। উপ-সহকারী প্রাণিসম্পদ কর্মকর্তাবৃন্দ, সীল, এলএসপি, স্বেচ্ছাসেবী কৃত্রিম প্রজননকারীসহ অন্যান্য সহকর্মীদের উপস্থিতিতে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

- (১) কৃত্রিম প্রজনন ফি সরকারি নির্ধারিত ফি এর চাইতে বেশী নেয়া যাবে না বা নিব না।
- (২) আমরা কেহ দূর্নীতি করব না বা দূর্নীতিকে প্রশ্রয় দেব না।
- (৩) প্রত্যেকে তার নিজ নিজ দায়িত্ব যথাসময়ে যথা শীঘ্রই পালন করব।
- (৪) সরকারি সেবা মূল্যের চাইতে বেশী টাকা গ্রহণ করব না।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
ডাঃ বিষ্ণুপদ বিশ্বাস  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
পাইকগাছা, খুলনা।